**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 20-02-2026** **Desk in Charge : SDG**

**Time : 7-35 AM** **Compiling : DSS**

**DEO: KB** **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ বিপুল সংখ্যক ভোটারের নথিপত্র যাচাই এখনো বকেয়া থাকায়, রাজ্যে চূড়ান্ত ভোটার তালিকা ২৮শে ফেব্রুয়ারী প্রকাশিত নাও হতে পারে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২/ বিধানসভা নির্বাচনের আগে রাজ্য পুলিশের শীর্ষস্তরে আবারো কিছু রদবদল।

৩/ RG Kar হাসপাতালে খুন ও ধর্ষণের ঘটনায় কলকাতা পুলিশ তথ্য প্রমাণ লোপাট করেছে এমন কোনও প্রমাণ তারা পায়নি বলে CBI আদালতে জানিয়েছে। # আজ এব্যাপারে অভয়ার বাবা মায়ের আবেদনের মামলার রায় ঘোষণা।

৪/ কলকাতার বিশেষ NIA আদালত, মুর্শিদাবাদের বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় ৩১ জনকে ফের আদালতে হাজির এবং তদন্তকারী আধিকারিকদের রিপোর্ট দাখিল করার নির্দেশ দিয়েছে।

৫/ দীর্ঘ ছ'দশক পর কলকাতার গুরুত্বপূর্ণ বাক্সুল সেতুর পূর্ণ সংস্কারের কাজ শুরু হতে চলেছে।

৬/ উত্তুরে বাতাসের প্রভাব কমতে শুরু করায় রাজ্যে তাপমাত্রা ঊর্ধ্বমুখী।

**********************************************************************

রাজ্যে SIR প্রক্রিয়ায় চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, ২৮ শে ফেব্রুয়ারির পরে আরো পিছিয়ে যেতে পারে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে, ওইদিন এই তালিকা প্রকাশের কথা থাকলেও বিপুল সংখ্যক ভোটারের নথিপত্র যাচাই এখনো বকেয়া থাকার কারণেই তালিকা প্রকাশের দিন পিছিয়ে যেতে পারে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন সম্পূর্ণ নির্ভুল ও ত্রুটিমুক্ত ভোটার তালিকা তৈরি করাই নির্বাচন কমিশনের একমাত্র লক্ষ্য। সে কারণে যদি সমস্ত নথিপত্রের নিষ্পত্তি সম্পূর্ণ না হয় তাহলে প্রয়োজনে নির্বাচন কমিশনের কাছে আরো সময় চাওয়া হবে।

তিনি জানান, চার লক্ষ ৬৬ হাজারের বেশি ভোটারের তথ্য এখনো জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিকদের কাছে ভেরিফিকেশনের জন্য বকেয়া রয়েছে। নথিপত্র সংক্রান্ত সমস্যার কারণে ইতিমধ্যেই প্রায় ৩০ লক্ষ ভোটারের নথি, মাইক্রো অবজারভার মারফত ইআরও, এইআরওদের কাছে আবারও পুনর্যাচাই এর জন্য পাঠানো হয়েছে। ২০ লক্ষ ভোটারের নথি নিয়ে এখনো ইআরও, এইআরও রা চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারেননি।

এদিকে নথি সংক্রান্ত সমস্যা নিষ্পত্তির জন্য চূড়ান্ত সময়সীমা আগামীকাল (শনিবার) শেষ হচ্ছে। কিন্তু এই বিপুল সংখ্যক নথি সম্পর্কে এই সময়ের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া যাবে কিনা তা নিয়ে সংশয় তৈরি হয়েছে। এই ধরনের সমস্ত মামলার নিষ্পত্তি না হলে চূড়ান্ত তালিকা প্রকাশ সম্ভব হবে না বলে মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর স্পষ্ট জানিয়েছে।

অন্যদিকে, এনিউমারেশন ফর্মে কোনও ভোটার ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য দিলে, নির্বাচন কমিশন তাঁর বিরুদ্ধেও ব্যবস্থা নেবে বলে স্পষ্ট জানিয়েছে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

**********************

SIR প্রক্রিয়া দ্রুত সম্পূর্ণ করার দাবি জানিয়েছে বিজেপি। দলের রাজ্য সভাপতি **শমীক** ভট্টাচার্য গতকাল দুর্গাপুরের মুচিপাড়ায় এক অনুষ্ঠানে বলেন, SIR না হলে এরাজ্যে ভোট করতে দেওয়া হবে না।

পরে কুলটিতে এক সভায় রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা, প্রশাসনে নৈরাজ্যের কথা তুলে ধরে শমীক বাবু অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেস দুর্নীতির প্রশয়দাতা।

( বাইট- শমীক )

**********************

বিধানসভা নির্বাচনের আগে রাজ্য পুলিশের শীর্ষস্তরে আবারও কিছু রদবদল করা হয়েছে। স্বরাষ্ট্র দপ্তর এক নির্দেশে আলিপুরদুয়ার, বসিরহাট ও জঙ্গিপুরের পুলিশ সুপার এবং পশ্চিমবঙ্গ গোয়েন্দা বিভাগের সিনিয়র সুপারিনটেনডেন্ট–এই চার আইপিএস আধিকারিককে বদলির কথা জানিয়েছে।

আলিপুরদুয়ারের এসপি খণ্ডবহালে উমেশ গণপতকে উত্তরবঙ্গ আইবির সিনিয়র সুপার পদে বদলি করা হয়েছে। পশ্চিমবঙ্গ গোয়েন্দা বিভাগের সিনিয়র সুপার আরিশ বিলালকে বসিরহাট পুলিশ সুপার করা হয়েছে। বসিরহাটের এসপি হোসেন মেহেদি রহমানকে, করা হয়েছে জঙ্গিপুর পুলিশ জেলার এসপি। জঙ্গিপুরের এসপি অমিতকুমার সাউকে আলিপুরদুয়ারের পুলিশ সুপার করা হয়েছে।

এদিকে নির্বাচনের আগে জেলাস্তরে প্রশাসনিক রদবদলকে ঘিরে রাজনৈতিক মহলে জল্পনা তৈরি হয়েছে। পুলিশ কর্তাদের অবশ্য দাবি, প্রশাসনিক প্রয়োজনেই এই রদবদল। নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি যাতে নির্বিঘ্ন থাকে, তা নিশ্চিত করতেই এই পদক্ষেপ বলে মনে করা হচ্ছে।

**********************

কলকাতার RG KAR হাসপাতালে খুন ও ধর্ষণের ঘটনায় কলকাতা পুলিশ তথ্য লোপাট করেছে এমন কোনও প্রমাণ তারা পায়নি বলে কেন্দ্রীয় তদন্ত ব্যুরো CBI, আদালতে জানিয়েছে। এই ঘটনায় আরও বিস্তারিত তদন্তের আর্জি জানিয়ে শিয়ালদাহ

আদালতে অভয়ার বাবা–মায়ের দাখিল করা এক মামলার শুনানিতে CBI, কলকাতা পুলিশের তদন্তের প্রশংসা করে। তদন্তকারী সংস্থার দুই আইনজীবী অনুরাগ মোদী ও পার্থ সারথি দত্ত আদালতে বলেছেন, RG KAR-এ অভয়ার খুন ও ধর্ষণের ঘটনায় তদন্ত কোন পথে এগোবে, কিভাবে তদন্ত করতে হবে এবং কাদের কাদের জিজ্ঞাসাবাদ করা প্রয়োজন, সে ব্যাপারে CBI নিজেই সিদ্ধান্ত নেবে। অভয়ার বাবা-মায়ের দাবি মতো কোন নির্দিষ্ট ব্যক্তি বা পুলিশ আধিকারিককে হেফাজতে নেওয়া সম্ভব নয়। তাদের কথা অনুযায়ী CBI কাউকে গ্রেপ্তার'ও করবেনা। খুনে ঘটনায় চারজন চিকিৎসক ও সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ বিধায়ক সুদীপ্ত রায়ের কোনও দোষ পাওয়া যায়নি। এই ঘটনায় হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষও যুক্ত নন। CBI-এর তদন্তকারী আধিকারিকরা নিজেদের মতই সিদ্ধান্ত নেবেন বলে শিয়ালদহ এসিজেএম আদালতে জানিয়েছে কেন্দ্রীয় সংস্থা।

আদালতের এডিশনাল চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আজ এই মামলায় অভয়ার বাবা মায়ের আবেদন সম্পর্কে রায় ঘোষণা করবেন।

CBI-এর তরফে আদালতে এও বলা হয়েছে, কারও বিরুদ্ধে প্রয়োজনে পুলিশ কর্তৃপক্ষ বিভাগীয় ব্যবস্থা নিতে পারে মাত্র। তাই টালা থানার ওসিকে গ্রেপ্তার করা হলেও CBI চার্জশিটও দেয়নি। কোনও পুলিশ আধিকারিক ষড়যন্ত্রে যুক্ত নন। পুলিশ কোনও বেআইনি কাজ করেছে কি না, তা নিয়ে তদন্তও হয়েছিল বলে আদালতে জানিয়েছে CBI-এর আইনজীবীরা।

**********************

২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগ পরীক্ষায় বিশেষভাবে সক্ষমদের কোটায় নিযুক্ত "আনটেন্টেড" বা 'অযোগ্য নন', এমন শিক্ষক-শিক্ষিকাদের আপাতত আদালতের নির্দেশ ছাড়া চাকরিচ্যুত করা যাবেনা বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। বিচারপতি অমৃতা সিনহা, বিশেষভাবে সক্ষম কোটায় কর্মরত শিক্ষকদের দায়ের করা এক মামলায় গতকাল এই নির্দেশ দেন।

**********************

রাজ্যের মহার্ঘভাতা প্রাপ্ত বিদ্যালয় বা "ডিএ গেটিং স্কুলের" শিক্ষক ও শিক্ষা কর্মীদের জন্য বকেয়া ১০% মহার্ঘ ভাতা ঘোষণা করল রাজ্য সরকার। স্কুল শিক্ষা দপ্তর এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ২০২৫ এর পয়লা এপ্রিল থেকেই ওই বর্ধিত মহার্ঘ ভাতা পাবেন "ডিএ গেটিং স্কুলের" শিক্ষক, শিক্ষাকর্মীরা। এর ফলে তাঁদের ডি এ-র পরিমাণ ১৬১ শতাংশ থেকে বেড়ে হয়েছে ১৭১ শতাংশ। বেসরকারি সংস্কৃত টোলের জন্যেও এই নির্দেশ কার্যকর হবে।

শিক্ষা দপ্তর সূত্রে জানা গেছে, সরকার বা সরকার পোষিত স্কুলের শিক্ষক শিক্ষাকর্মীদের থেকে "ডিএ গেটিং স্কুলের" শিক্ষক ও শিক্ষাকর্মীদের মহার্ঘভাতার হার আলাদা।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*********************

মুর্শিদাবাদের বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় পুলিশের হাতে ধৃত ৩৬ জনের মধ্যে ৩১ জনকে ফের সশরীরে আদালতে হাজির করার নির্দেশ দিয়েছে কলকাতার বিশেষ NIA আদালত। ২৬ ফেব্রুয়ারির মধ্যে মুর্শিদাবাদ পুলিশকে NIA-র হাতে কেস ডাইরি তুলে দিতে নির্দেশ দেওয়ার পাশাপাশি মুর্শিদাবাদের পুলিশ সুপার ও তদন্তকারী আধিকারিককেও রিপোর্ট দাখিল করতে নির্দেশ দিয়েছেন বিচারক।

NIA-র পক্ষ থেকে গতকাল আদালতে জানান হয়, পুলিশ সহযোগিতা না করলে তারাই ৩১ জনকে আনার ব্যবস্থা করবে। কিন্তু পুলিশের ভুমিকার কড়া সমালোচনা করে বিচারক জানিয়েছেন, পুলিশকেই ঐ ৩১ জনকে হাজির করাতে হবে আদালতে। ২৬ ফেব্রুয়ারি মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, ১৬'ই জানুয়ারি, ঝাড়খণ্ডে এক বাঙালি পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে বেলডাঙায় লাগাতার হিংসা ও অশান্তি চলে। ৩১শে জানুয়ারি এই ঘটনার তদন্তভার হাতে নেয় NIA । সেই তদন্তের বিরোধিতা করে রাজ্য সরকার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় ।

কিন্তু, সুপ্রিম কোর্ট ওই অশান্তির ঘটনায় মামলা কলকাতা হাইকোর্টে মামলা ফিরিয়ে দিয়ে সেখানেই UAPA ধারা সহ যুক্ত করা এবিষয়ে রিপোর্ট জমা দিতে নির্দেশ দেয়।

**********************

মালদার মহারাজপুর গ্রাম পঞ্চায়েতের রতুয়া -২ ব্লকে ১০০ দিনের কাজে দুর্নীতির যে অভিযোগ উঠেছে, জেলা প্রশাসন তা' স্বীকার করে নিয়েছে।

এব্যাপারে তদন্ত এবং FIR করে প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ, ৯ 'ই মার্চ রাজ্যকে রিপোর্ট দিতে বলেছে।

**********************

কয়লা পাচার কান্ডে ইডি, পশ্চিম বর্ধমানের বারাবনী থানার প্রাক্তন ওসি মনোরঞ্জন মন্ডলকে আগামী সোমবার আবার সিজিও কমপ্লেকসে তলব করেছে।

এর আগেও ইডি দুবার তাকেও তলব করে। কিন্তু তিনি হাজিরা দেয়নি। অনুপস্থিতির কোন কারণ'ও জানাননি ইডিকে।

**********************

শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দর কর্তৃপক্ষ, দীর্ঘ ছয় দশক পর কলকাতার অন্যতম গুরুত্বপূর্ণ বাস্কুল সেতুর পূর্ণাঙ্গ সংস্কারের কাজ শুরু করতে চলেছে। সেতুকে আধুনিক প্রযুক্তিতে উন্নত করে আরও নিরাপদ, দ্রুত এবং কার্যকর পণ্য পরিবহণ সুনিশ্চিত করাই এই প্রকল্পের মূল লক্ষ্য বলে বন্দর কর্তৃপক্ষ জানিয়েছে। এর জন্য ব্যয় ধরা হয়েছে ১১৭ কোটি ৫৪ লক্ষ টাকা।

**********************

উত্তুরে বাতাসের প্রভাব কমতে শুরু করায় রাজ্যে তাপমাত্রা ঊর্ধ্বমুখী।

আগামী ২/৩ দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে। এরপর ২৪ তারিখ নাগাদ কোথাও কোথাও মেঘলা আকাশ এবং পূর্ব মেদিনীপুর জেলায় হালকা বৃষ্টি হতে পারে বলে  আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

( বাইট- হবিবুর রহমান )

এদিকে, আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯ দশমিক ২'ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা সামান্য কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩০ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় কিছুটা বেশি।

**********************

ISL ফুটবলে মহমেডান স্পোর্টিং আজ দ্বিতীয় ম্যাচে এফসি গোয়ার বিরুদ্ধে খেলবে। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধে সাড়ে সাতটায়।

প্রথম ম্যাচে মহমেডান স্পোর্টিং ০-১ গোলে জামশেদপুর এফসির কাছে পরাজিত হয়েছিল।

*********************************************************************